## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে ভাদ্র বুধবার ১৩৬৮ ইংরাজী 13th Sept. 1961 | ১৮শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Servk



## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনয়নে।

প্রস্তুতকারক :

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২



## ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



## ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে ভাদ্র বুধবার সন ১৩৬৮ সাল।

# বাঙালী ! বাঙালী !! বাঙালী !!!

—০—

বাঙালীর নাম আর শোনা যায় না। ইংরেজ এদেশে রাজত্ব আরম্ভ করেই প্রথম শহীদ করলে বাঙালীকে। কে সে বাঙালী জানো? মহারাজা নন্দকুমার। আজ স্বাধীন ভারতকে কে শাসন করছে? কংগ্রেস। সেই কংগ্রেসের প্রথম সভাপতিত্ব কে করেন? বাঙালী—উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ( ডবলিউ. সি. বনার্জ্জি )। ভারতের জাতীয় সঙ্গীত—"বন্দেমাতরম্" কে রচনা করেন? বাঙালী—৺বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়! অন্যতম জাতীয় সঙ্গীত—"জনগণ মন অধিনায়ক" কে রচনা করেন? বাঙালী—কবিগুরু ৺রবীন্দ্রনাথ ঠাকুর! জাতির জনক নামে অভিহিত মহাত্মা গান্ধীর মনোনীত কংগ্রেস সভাপতির পদপ্রার্থী পট্টভি সীতারামীয়াকে নির্ব্বাচনে পরাজিত করিয়াছিলেন কে? বাঙালী—সুভাষচন্দ্র বসু! ভারতে বহু নেতা নেতৃত্ব করিয়াছেন—নেতাজী নাম বলিলে কাহাকে বুঝায়? বাঙালী সুভাষচন্দ্র বসু। আজ যে ভাষা নিয়া দেশে স্বাধীনতার থ্যাকাথেকী চলিতেছে পুস্তো ভাষা না জানিয়া বুদ্ধিমানের মত আফগানীস্থানের মধ্য দিয়া আফগান সাজিয়া নির্ব্বিঘ্নে নিঃসন্দেহে জার্ম্মাণী গিয়া সেখান হইতে সাবমেরিন যোগে সিঙ্গাপুর আসিয়া হিন্দু, মুসলমান, শিখ প্রভৃতি জাতির মধ্যে একতা আনিয়া আজাদহিন্দ্ রাজ্য কে স্থাপন করিয়াছিলেন? বাঙালী—সুভাষচন্দ্র বসু! নির্ভীক সাংবাদিক ও সাহিত্যিক বলিয়া ফিলিপাইনে ম্যানিলার ম্যাগসেসাই পুরস্কার ১০০০০ হাজার ডলার গত ৩১শে আগষ্ট কে লাভ করিলেন? বাঙালী—শ্রীমান্ অমিতাভ চৌধুরী—যুগান্তরের সহকারী সম্পাদক। আর শোনা যায় না। বাঙালী! বাঙালী!! বাঙালী!!! অপরাজেয় বাঙালীর লয় হয় না। সকলে হিংসা করে। অপরাধ না করিয়া যাঁহারা আসামী তাঁহারা অসমীয়া নাম লইয়া বাঙালী নির্য্যাতনে লাগিয়া যাহা আরম্ভ করিয়াছেন তাহাতে দিল্লীর শাসনতন্ত্র তুষ্ণীভাবে থাকিয়া প্রধানমন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরু মুখ খুলিয়াছেন—এবং খুব দুঃখও প্রকাশ করিয়াছেন। তদন্তও হইতেছে।

এতদিন চুপ করিয়া থাকা তাঁহার পক্ষে শোভন হয় নাই। এরূপ হৃদয়বিদারক ক্ষেত্রে একটি হিন্দী দোঁহা জানা থাকিলেও তাহা ভুলিতে হইবে।

*দোঁহাটী—*

বালু জৈসী কড়কড়ি
উজ্জ্বল জৈসী ধূপ
ঐসী মিঠি কুচ্ছ নেহি,
জৈসী মিঠি চুপ্।

---

## মানহানি মামলা—ভীত সংবাদপত্রের সম্পাদকের

### আশা ভরসা

### দুর্নীতিমূলক কার্য্যকলাপ প্রকাশ করা

### সংবাদপত্রের কর্ত্তব্য

জয়পুরের দায়রা জজ কর্ত্তৃক "লোকবাণী" পত্রিকা সম্পাদকের মুক্তিলাভ, বিচারপতির মন্তব্য

জয়পুর, ৮ই সেপ্টেম্বর দুর্নীতিমূলক কার্য্যকলাপ প্রকাশ করা জনসাধারণের প্রতি সংবাদপত্র-সম্পাদকের একটি কর্ত্তব্য এবং কোন পদস্থ কর্ম্মচারী তাহার কর্ত্তব্য পালনে অবহেলা করিলে উক্ত কর্ম্মচারীর পক্ষে তথ্যসমূহ প্রকাশ করার পূর্ণ অধিকার সংবাদপত্রের আছে!

মানহানির অভিযোগে নিম্নতম আদালত কর্ত্তৃক দণ্ডিত "লোকবাণী" পত্রিকার সম্পাদক শ্রীসুধাকর শাস্ত্রীর বিরুদ্ধে দণ্ডাজ্ঞা বাতিল করিয়া রায় দান প্রসঙ্গে জয়পুরের অতিরিক্ত দায়রা জজ শ্রী এম, জে মারদিয়া উপরি উক্ত মন্তব্য করেন।

বিচারপতি শ্রীশাস্ত্রীর আপীলের আবেদনে তাঁহাকে মুক্তিদান করেন এবং তাঁহার ৫ শত টাকা অর্থদণ্ড প্রত্যর্পণের আদেশ দেন।

কারাউলী গ্রামসেবা মণ্ডলের সভাপতি ও সম্পাদক ১৯৫৮ সালের ডিসেম্বর মাসে লোকবাণীতে উক্ত মণ্ডলের কয়েকটি দুর্নীতি সম্পর্কে সংবাদ প্রকাশ করায় শ্রীশাস্ত্রীর বিরুদ্ধে মানহানির অভিযোগ আনয়ন করা হয়।

শ্রীমারদিয়া তাঁহার রায়ে বলেন, মণ্ডলের বিরুদ্ধে মিলের সূতা মিশ্রিত খাদিকে শুদ্ধ খাদি বলিয়া চালান ও অপর একটি অভিযোগ সত্য বলিয়া প্রমাণিত হয়। কেবল সভাপতি ও সম্পাদকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয় নাই। কিন্তু বিচারপতি বলেন, যেভাবে মণ্ডলের খাতাপত্র লেখা হইয়াছে তাহা ত্রুটিপূর্ণ নহে।

---

## বেলগ্রেড সম্মেলনে

### সিংহলের মন্ত্রী শ্রীমতী বন্দরনায়কের

### মাতৃহৃদয়ের মর্মবাণী

বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী, সিংহলের শ্রীমতী সিরিমাভো বন্দরনায়ক বেলগ্রেডে অনুষ্ঠিত নিরপেক্ষ শীর্ষ সম্মেলনে ভাষণ প্রসঙ্গে আবেগের সহিত বলেন যে, কেবল একজন প্রধানমন্ত্রী হিসাবেই নহে, সন্তানের জননীরূপেও তিনি বৃহৎ শক্তিবর্গের নিকট এই আবেদন জানাইতেছেন যে পৃথিবীর সকল সন্তানের ভবিষ্যৎ চিন্তা করিয়া শক্তিবর্গ সম্ভাব্য আণবিক ধ্বংসযজ্ঞের পথ সম্পূর্ণ পরিহার করুন।

---

## আগামী সাধারণ নির্ব্বাচন

আগামী বৎসর ২২শে হইতে ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে সাধারণ নির্ব্বাচন সমাধা করিতে দেশের সকল রাজনৈতিক দল সম্মত হইয়াছেন। গত ২৫শে আগষ্ট তারিখে নয়াদিল্লীতে দেশের রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের দুই দিনব্যাপী এক সম্মেলনের পর ভারতের প্রধান নির্ব্বাচন কমিশনার শ্রী কে, ভি, কে, সুন্দরম উক্ত তথ্য প্রকাশ করেন। তিনি জানান যে, এ সম্পর্কে রাষ্ট্রপতি ও রাজ্যপাল-দের নির্দেশনামা আগামী বৎসরের জানুয়ারী মাসের মাঝামাঝি প্রকাশিত হইবে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## উৎকোচ গ্রহণের দায়ে সাব ইন্সপেক্টর

গত ৪ঠা সেপ্টেম্বর বহরমপুর ফৌজদারী কোর্ট প্রাঙ্গণস্থিত কোন চায়ের ষ্টলে একটি বিচারাধীন মামলার অনুকূলে রিপোর্ট দেওয়ার উদ্দেশ্যে নওদা থানার সাব ইন্সপেক্টর ঘুষ লন। উৎকোচদাতৃপক্ষ পূর্ব্ব হইতেই দুর্নীতিদমন বিভাগের সহিত এই সম্পর্কে যোগাযোগ স্থাপন করিয়া স্বাক্ষরিত নোট দেন। এনফোর্সমেণ্ট পুলিশ সঙ্গে সঙ্গে উৎকোচ-গ্রহীতা সাবইন্সপেক্টারকে গ্রেপ্তার করেন।

---

## কাচের তলায় সমগ্র চাষের ক্ষেত

**জার্মানীর শস্যচারা উৎপাদন কেন্দ্রগুলিতে আশ্চর্য সাফল্য একটি রাজকীয় বাণী মানব জাতির জন্য অধিক রুটি**

নেদারল্যাণ্ডস্, বেলজিয়াম ও ডেনমার্কের মত পশ্চিম জার্মানী ও ইউরোপে কৃষির দিক দিয়ে সর্বাপেক্ষা উন্নত দেশ কারণ গড়ে গত পাঁচ বছরে প্রতি হেকেয়োরে প্রধান প্রধান শস্যের ফলন ২,৬৯০ কিলো যে ক্ষেত্রে পৃথিবীর গড় ফলন হচ্ছে ১,৪২০ কিলো। প্রথম মহাযুদ্ধের পর থেকে পশ্চিম জার্মানীর কৃষিজাত ফলন তিনগুণ বৃদ্ধি পেয়েছে। এমন অনেক আদর্শ কৃষিক্ষেত্র আছে যেখানে ৬০ কিলো রাই চাষ করে ৬,০০০ কিলো রাই পাওয়া গেছে অর্থাৎ ১০০ গুণ বেশী যা আজকের চাষীদের বাপ ঠাকুরদা স্বপ্নেও ভাবতো না। তখনকার দিনে তারা ২০০ কিলো রাই চাষ করে খুব জোর ১,২০০ কিলো রাই ফলাতো। আলু ও বীটশর্করার ক্ষেত্রেও ফলন উপরোক্ত বৃদ্ধি পেয়েছে। বর্তমান পৃথিবীতে ইঞ্জিনীয়ারিংএর অদ্ভুত উন্নতি লক্ষ্য করতে অভ্যস্ত হয়ে কৃষিক্ষেত্রের প্রচণ্ড অগ্রগতি আমাদের নজর এড়িয়ে গেছে।

উৎপাদন ব্যবস্থার কোন পরিবর্ত্তন না করে একমাত্র উন্নত বীজ ব্যবহারের দ্বারা পৃথিবীর শস্যের ফলন বৃদ্ধি সম্ভব; সে ক্ষেত্রে পশ্চিম জার্মানীর উন্নত বীজ উৎপাদন কেন্দ্রগুলি সাফল্য-লাভ করেছে বলতে হবে। পৃথিবীর লক্ষ লক্ষ অর্ধভুক্ত লোকের খাদ্যের সমাধান আজ প্রয়োজন এবং সেইজন্যই ১৯৬১ সালকে জাতিপুঞ্জের খাদ্য ও কৃষি সংস্থা বিশ্ববীজোৎপাদন বৎসররূপে ঘোষণা করেছেন।

অবশ্য উন্নত বীজ ও চারা উৎপাদনের ব্যয় অনেক। গোয়েটিংগেল বিশ্ববিদ্যালয়ের চারাগাছ উৎপাদন বিশেষজ্ঞ প্রফেসর শাইবে হিসেব করে বলেছেন যে কেবল খাদ্যশস্য আলু বীটশর্করার উন্নত চারার চাষের জন্য খরচ বছরে কম করে ৪০০ মিলিয়ন ডলার এবং অন্যান্য ফলমূলের ক্ষেত্রেও এই সুফল পেতে হলে খরচের মাত্রা ৫০০ মিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে কিন্তু হিসেব করলে দেখা যায় যে উন্নত বীজ দ্বারা চাষের খরচ পশ্চিম জার্মানীর মোট উৎপাদন খাদ্যমূল্যের ৯ শতাংশ মাত্র।

চাষের ক্ষেত্রে এই অভূতপূর্ব বৃদ্ধির মূলে রয়েছে বেসরকারী প্রতিষ্ঠানের প্রচেষ্টা ও দান। পশ্চিম জার্মান সরকার উন্নত চারা উৎপাদনের জন্য উৎসাহ দিয়ে থাকেন এবং বাজারে একমাত্র শস্যবীজ বিক্রয়ের জন্য আইন প্রণয়ন করেছেন। প্রথমে চারা উৎপাদন থেকে শুরু করে কৃষিক্ষেত্রে তার ব্যাপক ব্যবহার করতে বেশ কয়েক বছর লাগে কারণ মানুষের ইচ্ছার কাজে প্রকৃতি সহজে মাথা নোয়াতে চায় না। যাই হোক, বহু পরীক্ষা, বহু সাধনা ও অধ্যবসায়ের ফলে মানুষ আজ এমন সব উন্নত বীজ ও চারা উৎপাদনে সক্ষম হয়েছে যা আধুনিক প্রথায় কৃষির জন্য যথেষ্ট উপযোগী। বীজ উৎপাদন কেন্দ্রগুলিকে পশ্চিম জার্মানীতে সাধারণতঃ বলা হয় "কাচের তলায় চাষের ক্ষেত।" এখানে নানারকম কলম কিংবা বিভিন্ন মিশ্র প্রজননের যোগাযোগে বহু নতুন জাতের চারা সৃষ্টি করা হয়েছে। বিজ্ঞানী ও তাদের সহকর্মীদের ধৈর্য্য ও সাধনার ফলেই এই সব ফল লাভ হয়েছে। এশিয়ার মহান রাজা ফ্রেডারিক দ্বিতীয় একবার বলেছিলেন, "যারা এক চারায় এক শীষের জায়গায় দুই শীষ শস্য ফলায়, তারা যুদ্ধজয়ী বড় বড় সেনাপতি অপেক্ষা তাদের স্বজাতি ও মানব সমাজের অধিকতর সেবা করে।" তাঁর সেই কথাকে আদর্শ করে পশ্চিম জার্মানী মানব জাতির চিরশত্রু অনাহারের বিরুদ্ধে দীর্ঘকাল সংগ্রাম করে চলেছে।

---

## বিজ্ঞপ্তি

যে সকল ব্যক্তি পাবলিক ক্যারিয়ারের পারমিট প্রদান ও পুনর্নবীকরণের জন্য এবং ট্যাক্সি সম্পর্কে কনট্রাক্ট ক্যারেজ পারমিট প্রদান ও পুনর্নবীকরণের জন্য আবেদন করিয়াছেন তাঁহাদের নামের একটি তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের এবং জেলার প্রত্যন্তবর্তী মহকুমা শাসকগণের কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। লালবাগ, রাণীনগর ও নবীপুর হইয়া বহরমপুর—বামনাবাদ রুটে যে ষ্টেজ ক্যারেজ চলার কথা আছে সে সম্পর্কে স্থায়ী রুট পারমিটের জন্য আবেদনকারী ব্যক্তিগণের নামের এক তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের এবং জেলার প্রত্যন্তবর্তী মহকুমাশাসকগণের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইতেছে। উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে যদি কোনো নিবেদন থাকে তবে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পর তিরিশ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করা চাই। আবেদনসমূহ ও নিবেদনাদি বিবেচনা করার তারিখ, সময় ও স্থান সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে যথাকালে জানানো হইবে।

স্বাঃ বি, চৌধুরী, মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের সচিব।

---

## WANTED

(a) Demonstrator in Chemistry on Rs. 100/- and Rs. 35/- D. A. (Both) P. M.

(b) Asstt. Librarian on Rs. 55/- and Rs. 20/- D. A. (Both) P. M.

(c) Up-Country Durwan on Rs. 40/- and Rs. 10/- D. A. (Both) P. M.

Apply within 21st September, 1961 to the Principal, Jangipur College, Jangipur (Murshidabad).



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-13



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible]



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান
হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়
আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।
হোমিও পেটেন্ট "আইওলিন" চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।